

দুর্নীতি দমন কমিশন  
সমন্বিত জেলা কার্যালয়  
বরিশাল।

স্মারক নং- ০০.০১.০০০০.৭৪২.৯৯.০০২.১৮. ১২৪৩(২)

তারিখ: ২৩/১০/২০২২ খ্রি.

বিষয়: শিক্ষা প্রতিষ্ঠানে “সততা সংঘ” পুনঃগঠন ও “সততা স্টোর” যথাযথভাবে পরিচালনা প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তরুণ প্রজন্মের মধ্যে সততা ও নিষ্ঠাবোধ সৃষ্টি করা এবং দুর্নীতির বিরুদ্ধে গণসচেতনতা গড়ে তোলার নিমিত্ত শিক্ষা প্রতিষ্ঠানে সততা সংঘ গঠনের ভূমিকা অপরিসীম। আপনাদের সহযোগিতায় উক্ত কার্যক্রমে ইতোমধ্যে দেশের অধিকাংশ স্কুল, কলেজ, মাদ্রাসার ছাত্র ছাত্রীদের সমন্বয়ে “সততা সংঘ” গঠন করা হয়েছে। করোনা মহামারীর কারণে দীর্ঘদিন শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ এবং এসএসসি পরীক্ষা পাশ করে বিদ্যালয় ত্যাগ করার জন্য ১১ সদস্য বিশিষ্ট “সততা সংঘ” পুনঃগঠন করা আবশ্যিক। এছাড়া সততা ও নৈতিকতা চর্চার নিমিত্ত দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, বরিশালের আওতাধীন বরিশাল জেলার ১১০টি এবং ভোলা জেলার ৭২টি শিক্ষা প্রতিষ্ঠানে ইতোপূর্বে স্থাপনকৃত “সততা স্টোর” সমূহ যথাযথভাবে পরিচালনা করা প্রয়োজন।

এমতাবস্থায়, আপনার জেলাধীন মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপনকৃত “সততা স্টোর” সমূহ যথাযথভাবে পরিচালনার নির্দেশনা প্রদান এবং ইতোপূর্বে গঠিত “সততা সংঘ” পুনঃগঠনপূর্বক উপজেলা ভিত্তিক তালিকা নিম্নোক্ত ছক মোতাবেক আগামী ০৩/১১/২০২২ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ক্র.নং	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	“সততা সংঘ” পুনঃগঠনের তারিখ	প্রধান শিক্ষকের মোবাইল নম্বর	মন্তব্য

- সংযুক্তি: (১) সততা সংঘের গঠন কাঠামো ০২ পাতা।  
(২) সততা স্টোর ব্যবস্থাপনা গাইডলাইন ০৩ পাতা।  
(৩) বরিশাল ও ভোলা জেলার ১৮২ টি শিক্ষা প্রতিষ্ঠানে গঠিত সততা স্টোরের তালিকা।

জেলা শিক্ষা অফিসার  
বরিশাল / ভোলা।

  
(দেবরত মন্ডল)

উপপরিচালক

ফোন : ০২৪-৭৮৮৬১৩১৯


স্মারক নং- ০০.০১.০০০০.৭৪২.৯৯.০০২.১৮. ১২৪৩(২)

তারিখ: ১৬/১০/২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য :

১। পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, বরিশাল।

২। অফিস নথি।

  
(দেবরত মন্ডল)

উপপরিচালক



দুর্নীতি দমন কমিশন  
সমন্বিত জেলা কার্যালয়  
বরিশাল।

স্মারক নং- ০০.০১.০৬০০.৭৪২.২৮.০০৩.২৩. ১৪০(২)

তারিখ : ১৩ / ১০ / ২০২৩ খ্রি.

বিষয়: শিক্ষা প্রতিষ্ঠানে “সততা সংঘ” পুনঃগঠন প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তরুণ প্রজন্মের মধ্যে সততা ও নিষ্ঠাবোধ সৃষ্টি করা এবং দুর্নীতির বিরুদ্ধে গণসচেতনতা গড়ে তোলার নিমিত্ত শিক্ষা প্রতিষ্ঠানে সততা সংঘ গঠনের ভূমিকা অপরিসীম। আপনাদের সহযোগিতায় উক্ত কার্যক্রমে ইতোমধ্যে দেশের অধিকাংশ স্কুল, কলেজ, মাদ্রাসার ছাত্র ছাত্রীদের সমন্বয়ে “সততা সংঘ” গঠন করা হয়েছে। করোনা মহামারীর কারণে দীর্ঘদিন শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ এবং এসএসসি পরীক্ষা পাশ করে বিদ্যালয় ত্যাগ করার জন্য ১১ সদস্য বিশিষ্ট “সততা সংঘ” পুনঃগঠন করা আবশ্যিক। উল্লেখ্য যে, দুদক, সজেকা, বরিশালের স্মারক নং- ১২৪৩(২), তারিখ- ১৩/১০/২০২২ খ্রি. মূলে “সততা সংঘ” পুনঃগঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলেও অদ্যাবধি নিম্নোক্ত ছক মোতাবেক কোন তথ্য পাওয়া যায়নি।

এমতাবস্থায়, আপনার জেলাধীন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে ইতোপূর্বে গঠিত “সততা সংঘ” পুনঃগঠনপূর্বক উপজেলা ভিত্তিক তালিকা (সফটকপি ই-মেইলে- dd.ido.barishal@acc.org.bd) নিম্নোক্ত ছক মোতাবেক আগামী ২০/১০/২০২৩ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ক্র.নং	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	“সততা সংঘ” পুনঃগঠনের তারিখ	প্রধান শিক্ষকের মোবাইল নম্বর	মন্তব্য

সংযুক্তি: সততা সংঘের গঠন কাঠামো ০২ পাতা।

জেলা শিক্ষা অফিসার  
বরিশাল / ভোলা।

  
(দেবব্রত মন্ডল)  
উপপরিচালক  
ফোন : ০২৪-৭৮৮৬১৩১৯


স্মারক নং- ০০.০১.০৬০০.৭৪২.২৮.০০৩.২৩. ১৪০(২)/২

তারিখ : ১৩ / ১০ / ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য :

১। পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, বরিশাল।

২। অফিস নথি।

  
(দেবব্রত মন্ডল)  
উপপরিচালক